



নিয়োগ বিজ্ঞপ্তি

পারফেক্ট কেয়ার কোচিং, শিক্ষার্থীদের সর্বোচ্চ মানের শিক্ষা প্রদান, তৃতীয় থেকে অষ্টম শ্রেণিতে পাঠদান ও ক্যাডেট ভর্তি পরীক্ষার প্রস্তুতি প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত ২৫(পঁচিশ) টি পদসমূহের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পুরুষ/ মহিলা	পদের সংখ্যা	চাকরির ধরন	শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল
০১.	শিক্ষক (বাংলা)	পুরুষ/ মহিলা	০৩	ফুল টাইম/ হাফ টাইম	স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থী, স্নাতক বা স্নাতকোত্তর প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে পাঠদানে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	১২,০০০ - ২০,০০০/-
০২.	শিক্ষক (ইংরেজি)	পুরুষ/ মহিলা	০৩	ফুল টাইম/ হাফ টাইম		
০৩.	শিক্ষক (গণিত)	পুরুষ/ মহিলা	০৩	ফুল টাইম/ হাফ টাইম		
০৪.	শিক্ষক (বিজ্ঞান)	পুরুষ/ মহিলা	০৩	ফুল টাইম/ হাফ টাইম		
০৫.	সহকারী শিক্ষক	মহিলা	১০	ফুল টাইম/ হাফ টাইম	স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থী/স্নাতকোত্তর প্রার্থীগণ আবেদন করতে পারবেন।	আলোচনা সাপেক্ষে।
০৬.	কম্পিউটার অপারেটর	পুরুষ	০৩	ফুল টাইম/ হাফ টাইম	স্নাতক অধ্যয়নরত শিক্ষার্থী, স্নাতক বা স্নাতকোত্তর প্রার্থীগণ আবেদন করতে পারবেন। কম্পিউটার বিষয়ে দক্ষতা: কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ এবং ইংরেজি ২৫ (পঁচিশ) শব্দ।	আলোচনা সাপেক্ষে।

ফুল টাইম: সকাল ৮.০০টা থেকে দুপুর ১২.০০টা এবং বিকাল ৩.০০টা থেকে সন্ধ্যা ৭.০০টা = মোট ৮ ঘন্টা

হাফ টাইম: সকাল ৭.৩০ থেকে দুপুর ১২.৩০টা অথবা দুপুর ২.৩০টা থেকে সন্ধ্যা ৭.৩০টা = মোট ৫ ঘন্টা

আবেদন পদ্ধতি, সময়কাল ও শর্তাবলী:

- আগ্রহী প্রার্থীগণ www.perfectcareedu.com/recruitment লিংকে গিয়ে অথবা প্রথম কমেন্টে দেওয়া লিংকে প্রবেশ করে নির্ধারিত আবেদন ফরম পূরণ করতে পারবেন অথবা পারফেক্ট কেয়ার, সিরাজগঞ্জ অফিসে এসে সরাসরি আবেদন করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র গ্রহণের সময় ২১/১১/২০২৫খ্রি. সকাল ১০.০০ টা হতে এবং ১০/১২/২০২৫ খ্রি. রাত ১১.৫৯টা। উক্ত সময়ের মধ্যে আগ্রহী প্রার্থীগণকে আবেদন সম্পন্ন করতে হবে।
- অনলাইন আবেদনপত্রে সঠিক তথ্য প্রদানসহ প্রার্থীগণ নিজের স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ ও প্রস্থ ৮০ Pixel) এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ ও প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।
- অনলাইন আবেদনপত্রে উল্লিখিত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদনপত্র প্রেরণ করার পূর্বে আবেদন ফরমে তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
- আবেদনের ক্ষেত্রে প্রতি পদের জন্য আবেদনের ফি ৫০/- (পঞ্চাশ টাকা অফেরতযোগ্য) প্রদান করতে হবে। উল্লেখ্য যে, একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন। অনলাইনের মাধ্যমে আবেদনের ক্ষেত্রে বিকাশ নম্বরে (০১৭৪৯-৪৫৫৬৬৯) সেভ মানির মাধ্যমে টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি আবেদন ফরম এর যথা স্থানে বসিয়ে আবেদন সাবমিট করতে হবে। আবেদন ফি পরিশোধ করে আবেদন সাবমিট করার ২৪ ঘন্টার মধ্যে প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে Application No. সম্বলিত একটি SMS পাবে। যা দিয়ে প্রার্থীগণ আগামী ১১/১২/২০২৫খ্রি. হতে ১৫/১২/২০২৫খ্রি. তারিখ পর্যন্ত প্রবেশ পত্র সংগ্রহ করতে পারবেন। উল্লেখ্য যে, কোনো আবেদনের ট্রানজেকশন আইডি ভুল/প্রস্র/অনিবন্ধিত হলে উক্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- SMS-এ প্রেরিত Application No. ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী কর্তৃক প্রিন্ট করে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অবশ্যই প্রদর্শন করতে হবে।
- কোনো কারণবসতঃ প্রার্থীগণ Application No. সম্বলিত SMS হারিয়ে ফেললে বা ডিলিট হয়ে গেলে শুধুমাত্র অফলাইনে (পারফেক্ট কেয়ার অফিস থেকে) সংগ্রহ করতে পারবে। এজন্য অবশ্যই আবেদন কপি অথবা পেমেন্ট History সরবারহ করতে হবে।
- পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি:
 - প্রার্থীগণকে স্ব-স্ব পদের বিষয়ে ৮০ নম্বরের লিখিত পরীক্ষা (MCQ টাইপ) দিতে হবে। সকল পদের লিখিত পরীক্ষার মান বন্টন www.perfectcareedu.com/notices লিংকে দেওয়া হয়েছে।
 - লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষা এবং শ্রেণি কার্যক্রম উপস্থাপনা পরীক্ষায় উত্তীর্ণ পূর্বক চূড়ান্ত উত্তীর্ণ বলে গণ্য হবেন।
- প্রত্যেক প্রার্থীকে প্রবেশপত্রে উল্লিখিত সময়ে নির্ধারিত কেন্দ্রে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে উপস্থিত হয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- আবেদন সম্পর্কিত যে কোন সমস্যার জন্য যোগাযোগ করুন (সকাল ৯:০০ টা থেকে সন্ধ্যা ৭:০০ টা): ০১৭০১ - ০৩০৬২৭ এই নম্বরে।

বি: দ্র: লিখিত ও ভাইভা পরীক্ষায় উত্তীর্ণ যোগ্য প্রার্থীদের আগামী ০১/০১/২০২৫ তারিখ হতে উল্লিখিত পদে নিয়োগ প্রদান করা হবে।